আগেভাগে হার মেনে ব্যাটিং!

বিশেষ সংবাদদাতা

আইরিশদের বিপক্ষে খাদিজাতুল কুবরার বিধ্বংসী বোলিংয়ের পর গতকাল খাদিজাকে খুঁজে পাওয়া গেল ইনিংসের শেষ দিকে, উইন্ডিজ দুই টেল এন্ডারের উইকেটের জন্য। শেষ ৭ ওভারে উইন্ডিজের ৪ ব্যাটসম্যানকে শিকার–এটাও বাংলাদেশ স্পিন জুটি রোমানা-খাদিজার কল্যাণে। আসরে ইতোপূর্বে ২ এর অধিক উইকেট হারানোর অতীত নেই যাদের, সেই দলের ৮ ব্যাটসম্যান ফিরিয়ে দিয়েছে বাংলাদেশের মেয়েরা! এটাও কম সান্ত্বনার উপলক্ষ নয়। এমনকি টসে জিতে শক্তিশালী প্রতিপক্ষকে ব্যাটিংয়ে আমন্ত্রণ জানিয়ে তাদেরকে ২১৭/৮এ আটকে ফেলা, তাতেও গর্ব অনুভব হচ্ছে বাংলাদেশ মহিলা দলের! ওভারপ্রতি ৪.৩৪ রানের টার্গেট পাড়ি দেয়ার পরিবর্তে ওভারপিছু ২.৮৭ রান, ৮০ রানে হারকেও সালমাদের কাছে সম্মানজনক মনে হচ্ছে! স্বয়ং এই স্বীকারোক্তি বাংলাদেশ অধিনায়ক সালমা খাতুনের– 'হ্যাঁ বলতে পারেন ওরকমই। সম্মানজনক হারের মানসিকতা নিয়েই ব্যাটিং করেছি।'

নিজেদের ব্যাটিং ক্ষমতার সর্বোচ্চটি প্রয়োগে শতভাগ সফল হলে ১৮০-১৯০'এ যারা সন্তুষ্ট থাকতে পছন্দ করে, প্রতিপক্ষের স্কোর ২১৭/৮কে অনতিক্রমযোগ্য মনে করাই তাদের স্বাভাবিক। চেজিংয়ে শুরু থেকে নেতিবাচক ব্যাটিংয়ের বিরক্তিকর প্রদর্শনীতে সেই মানসিকতার বহিঃপ্রকাশই করেছে বাংলাদেশ দল। তারপরও বাংলাদেশ মহিলা দলের এমন অ্যাপ্রোচে অসন্তুষ্ট নন কোচ মমতা মাবেন– 'আমরা ওদেরকে ১৯০'র মধ্যে আটকে ফেলতে চেয়েছিলাম। ফিল্ডিংয়ে কিছু ভুল না হলে তা সম্ভব ছিল। ফিল্ডিং এবং বোলিংয়ে প্রতিদিনই আমরা উন্নতি করছি। ব্যাটিংয়ে টপ অর্ডার কাউকে না কাউকে ফিফটি তো করতে হবে, সেটা পারিনি। তাছাড়া ওভারে দুই একটি লুজ ডেলিভারি আশা করেছিলাম ওয়েস্ট ইন্ডিজ বোলারদের কাছে, সেটাও তো ওরা দেয়নি। আমাদের মেয়েরা এ ধরনের বড় দলের বিপক্ষে ম্যাচে এই প্রথম মুখোমুখি হয়েছে। বিশ্বাস করুন শুকতারা আজ যেভাবে ব্যাট করেছে (৪৬ বলে ১০ রান), এর চেয়ে ভাল ব্যাটিং করতে পারে সে।' ৬ দিনে চারটি ম্যাচ, বিশ্রামের ফুরসত পাচ্ছে না বলে বাংলাদেশ মহিলা ক্রিকেটারদের শরীরি ভাষায় ক্লান্তি-অবসাদ লক্ষ্য করা গেছে। তবে তা স্বীকার করতে চাইছে না অধিনায়ক সালমা।

আইসিসি বর্ষসেরা মহিলা ক্রিকেটার স্টেফানো টেলর কতোটা স্বাভাবিক ব্যাটিং করতে পারেন (৬২ রান) তা দেখেছেন সালমারা, দেখেছেন গেইলকে অনুকরণ করা কিং এর ঝড়ো ব্যাটিং (২০ বলে ৩ ছক্কায় ২৪), ৮৪ রানের পার্টনারশিপে ইনিংস মেরামতের দায়িত্ব নেয়ার পাঠও পেয়েছেন সালমারা। বাংলাদেশের বিপক্ষে ২শ' প্লাস স্কোর করেই নাকি জয়ের ব্যাপারে নিশ্চিত ছিলেন উইন্ডিজ অধিনায়ক! তবে বাংলাদেশের লক্ষ্য সুপার সিক্স থেকে বিচ্যুত হননি কোচ, আগামীকাল শ্রীলংকার বিপক্ষে জয়ে শুধু ওয়ানডে স্ট্যাটাসই নয়, ডু অর ডাই ম্যাচে জিতে ২০১৩ বিশ্বকাপের টিকিট পাওয়ার মতো অবিশ্বাস্য স্বপ্নও দেখছেন কোচ।

স্কোর কার্ড

বাংলাদেশ-উইন্ডিজ

ওয়েস্ট ইন্ডিজ ইনিংস রান	বল	৪	৬	
টেইলর ক ইয়াসমিন ব রুমানা	৬২	১০২	৫	-
নেরো ক শুকতারা ব জাহানারা	৬	১৫	১	-
ডেলে বোল্ড সালমা	৬১	১০৫	৫	১
ডোটিন ক ইয়াসমিন ব রুমানা	১৭	১৯	-	২

অ্যাগুইলেরিয়া ক এন্ড ব শুকতারা ১ ৮ - -

কিং রান আউট (ইয়াসমিন) ২৪ ১৮ - ৩

কুপার অপ. ২৬ ২৪ ৩ -

কুইনটাইনি ক জাহানারা ব খাদিজা ৪ ৯ - -

মোহাম্মদ ক ইয়াসমিন ব খাদিজা ০ ১ - -

অতিরিক্ত (ব ৪, লেবা ১, ও ১০, নো ১) ১৬

মোট (৮ উইকেট, ৫০ ওভার) ২১৭

উইকেট পতন : ১-২৭ (নিরো), ২-১১১ (টেইলর), ৩-১৩১ (ডোটিন), ৪-১৩৮ (অ্যাগুইলেরিয়া), ৫-১৭৫ (কিং), ৬-১৯৪ (ডেলেই), ৭-২১৬ (কুইনটাইনি), ৮-২১৭ (মোহাম্মদ)

বোলিং : পান্না ঘোষ ৮-১-৩১-০, জাহানারা আলম ৫-১-২২-১, সালমা খাতুন ১০-০-৪৪-১, শুকতারা রহমান ১০-২-৩০-১, লতা মন্ডল ২-০-৯-০, খাদিজা তুল খুবরা ৭-০-৩৯-২, রুমানা আহমেদ ৮-০-৩৭-২

বাংলাদেশ ইনিংস রান বল ৪ ৬

আয়েশা ক নেরো ব সেলমান১৪ ৩১ ১ -

শুকতারা ক টেইলর ব সেলমান ১০ ৩০ ১ -

ফারজান হক ক কিং ব কুইনটাইনি ১৬ ৫২ ১ -

সালমা স্ট্যা অ্যাগুইলেরিয়া ব টেইলর২৩ ৫৬ ২ -

লতা ব ডেলে ১৫ ২৯ - -

রুমানা অপ. ২৮ ৪৬ ২ -

চামেলী এলবি ডেলে ১ ৬ - -

পান্না ক অ্যাগুইলেরিয়া ব কিং ২ ৬ - -

জাহানারা এলবি ব কুইনটাইনি ৩ ১৭ - -

ইয়াসমিন এলবি ব মোহাম্মদ ৪ ১১ - -

খাদিজা ক কুপার ব কুইনটাইনি ০ ৩ - -

অতিরিক্ত (ব ৬, ও ১৪, নো ১) ২১

মোট (অলআউট, ৪৭.৪ ওভার) ১৩৭

উইকেট পতন : ১-২৬ (আয়েশা), ২-৩০ (শুকতারা), ৩-৬৭ (ফারজান), ৪-৮১ (সালমা), ৫-৯৭ (লতা), ৬-১০০ (চামেলী), ৭-১০৩ (পান্না), ৮-১২০ (জাহানারা), ৯-১৩৬ (ইয়াসমিন), ১০-১৩৭ (খাদিজা)

বোলিং : সেলমেন ৭-১-১৬-২, মুনরেও ৬-০-২১-০, ডেলে ১০-০-১৭-২, মোহম্মদ ৮-১-২৬-১, কুইনটাইনি ৬.৪-০-২০-৩, টেইলর ৪-০-১৫-১, কিং ৬-১-১৬-১

ফলাফল : উইন্ডিজ ৮০ রানে জয়ী

প্লেয়ার অব দ্য ম্যাচ : ডেলে

সবার আগে বিশ্বকাপে উইন্ডিজ-দ. আফ্রিকা

বিশেষ সংবাদদাতা

ফেভারিট হিসেবে খেলতে এসে হতাশ হতে হয়নি ওয়েস্ট ইন্ডিজ, দক্ষিণ আফ্রিকাকে। বাছাইপর্বে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনাল নিশ্চিত করে ২০১৩ সালে ভারতে অনুষ্ঠেয় মহিলা বিশ্বকাপের মূল পর্বের টিকিট পেয়েছে তারা। ২০০৯ মহিলা বিশ্বকাপে গ্রুপ পর্বে পয়েন্ট তালিকায় সর্বনিম্ন স্থানে থাকায় ২০১৩ বিশ্বকাপের জন্য বাছাইপর্বে খেলতে হয়েছে দ. আফ্রিকাকে– সে পরীক্ষায় উতরে গেছে তারা। অপ্রতিরোধ্য দলটি গতকাল গ্রুপ রাউন্ডের শেষ ম্যাচে লুবসারের বোলিংয়ে (৫/৯) জিম্বাবুয়েকে ১০ উইকেটে হারিয়ে দেয় (জিম্বাবুয়ে ১০৩/১০, দ. আফ্রিকা ১০৬/০)। 'এ' গ্রুপে পয়েন্ট তালিকায় শীর্ষে থেকে সরাসরি সেমিফাইনালের খেলার যোগ্যতা অর্জনের পাশাপাশি ২০১৩ মহিলা বিশ্বকাপের টিকিট পেয়েছে প্রোটিয়ারা। ফতুল্লা স্টেডিয়ামে অনুষ্ঠিত এই ম্যাচে জয়ের জন্য মাত্র ১২ ওভার খেলতে হয়েছে প্রোটিয়াদের। ওপেনিং ব্যাটসম্যান ফিজ ৪৫ বলে ১৫ বাউন্ডারিতে করেন ৬৯ রান। নেদারল্যান্ডস-পাকিস্তানের মধ্যে জয়ী দলের সঙ্গে আগামী ২৪ নভেম্বর সেমিফাইনালে খেলবে দ. আফ্রিকা।

২০০৯ সালে সিডনিতে অনুষ্ঠিত মহিলা বিশ্বকাপে অল্পের জন্য সেমিফাইনাল হাতছাড়া করার কষ্ট লাঘবে এবার বাছাইপর্বে 'বি' গ্রুপের প্রতিপক্ষদের মনোবলে বড় ধরনের ধাক্কা দিয়েছে ওয়েস্ট ইন্ডিজ। গতকাল মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে গ্রুপ রাউন্ডের শেষ ম্যাচে বাংলাদেশকে ৮০ রানে হারিয়ে দিয়ে (উইন্ডিজ ২১৭/৮, বাংলাদেশ ১৩৭/১০) ৪ ম্যাচে ৮ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকায় শীর্ষে থেকে ২০১৩ মহিলা বিশ্বকাপের টিকিট স্টেফানো টেলরের দলটি। কোয়ার্টার ফাইনালে বাংলাদেশ-শ্রীলংকা ম্যাচের বিজয়ী দলের সঙ্গে আগামী ২৪ নভেম্বর সেমিফাইনালে অবতীর্ণ হবে। সবার আগে ২০১৩ মহিলা বিশ্বকাপের টিকিট নিশ্চিত করতে পেরে আত্মহারা উইন্ডিজ অধিনায়ক আগুইলিরা– 'আমরা আমাদের দলটির শক্তি সম্পর্কে অবগত। এখানে এসেছিলাম একটি লক্ষ্যকে সামনে রেখে, তা বাছাইপর্বের বাধা পেরিয়ে বিশ্বকাপে উত্তীর্ণ হতে। সে লক্ষ্য পূরণ হয়েছে। আসরের সেমিফাইনাল যখন নিশ্চিত হয়েছে তখন টার্গেট থাকবে ফাইনালে খেলা। এখন বাকি শুধু ২টি জয়।'

'এ' গ্রুপে পাকিস্তান তাদের শেষ ম্যাচে জাপানকে উড়িয়ে দিয়ে গ্রুপ রানার্সআপ হয়ে কোয়ার্টার ফাইনালে উঠেছে। গতকাল বিকেএসপি'র তিন নম্বর মাঠে অনুষ্ঠিত ম্যাচে নাদিয়া দারের সেঞ্চুরিতে (১২৪) ভর করে ২৭২/৯ স্কোরকে ২৪৬ রানের বিশাল জয়ে পরিণত করেছে পাকিস্তানের মেয়েরা। সাদিয়া ইউসুফের মারাত্মক বোলিংয়ে আসরে সর্বনিম্ন স্কোরের লজ্জা দিয়েছে তারা জাপানকে (২৬/১০)। আগামীকাল কোয়ার্টার ফাইনালে পাকিস্তান খেলবে হল্যান্ডের সঙ্গে।

'এ' গ্রুপে নিজেদের শেষ ম্যাচে শ্রীলংকা ৫৩ রানে যুক্তরাষ্ট্রকে গুঁড়িয়ে দিয়ে ৮ উইকেটে জিতেছে। বিকেএসপির ২ নম্বর মাঠে অনুষ্ঠিত এই ম্যাচে জয়ের জন্য ১৮.৫ ওভার খেলতে হয়েছে শ্রীলংকাকে। আগামীকাল মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে কোয়ার্টার ফাইনাল ম্যাচে বাংলাদেশকে পাচ্ছে তারা।

আইসিসি মহিলা বিশ্বকাপ বাছাইপর্বের পয়েন্ট তালিকা

গ্রুপ এ

দল	ম্যাচ	জয়	হার	পয়েন্ট	নেট রানরেট
দক্ষিণ আফ্রিকা	৪	৪	০	৮	+৩.১৭৬
শ্রীলংকা	৪	৩	১	৬	+১.৬১৪
নেদারল্যান্ডস	৪	২	২	৪	-০.২৫৬
যুক্তরাষ্ট্র	৪	১	৩	২	-২.৯৫৮

জিম্বাবুয়ে	৪	০	৪	০	-২.৬৬৯

গ্রুপ বি

দল	ম্যাচ	জয়	হার	পয়েন্ট	নেট রানরেট
ওয়েস্ট ইন্ডিজ	৪	৪	০	৮	+২.৬১৭
পাকিস্তান	৪	৩	১	৬	+১.৭৭৬
বাংলাদেশ	৪	২	২	৪	+০.৪৬১
আয়ারল্যান্ড	৪	১	৩	২	-০.৬০০
জাপান	৪	০	৪	০	-৪.৭৭৩

মালয়েশিয়ায় ১৫তম সিদ্দিকুর

স্পোর্টস রিপোর্টার ঃ শুরুটা চমৎকার করলেও, শেষটা তেমন করতে পারলেন সিদ্দিকুর রহমান। বৈরী আবহওয়ার কাছে হার মানতেই থামিয়ে দিল এই বাংলাদেশী গলফারকে। মালয়েশিয়ার ইস্কান্দার জোহর ওপেনে প্রথম দুই রাউন্ড দুর্দান্ত খেলেও তাকে সন্তুষ্ট থাকতে হলো ১৫তম স্থানে অবস্থান করে। বৃষ্টির কারণে বাদ দেয়া হয় এক রাউন্ডের খেলা। ফলে ৫৪ হোলেই টুর্নামেন্টের শিরোপার নিষ্পত্তি। এতে সিদ্দিকুর ৫৪ হোল সম্পন্ন করেন ২০৫ শটে। শেষ রাউন্ডে দুর্দান্ত কামব্যাকের মাধ্যমে ৫ম স্থান থেকে মিলিয়ন মার্কিন ডলারের এই মালয়েশিয়ান টুর্নামেন্টের শিরোপা নিশ্চিত করেন নেদারল্যান্ডসের জোস্ট লুইটেন।

গতকাল ৩য় রাউন্ডে ৭১ শট খেলে সব মিলিয়ে আন্ডার পার ৮ শটে প্রতিযোগিতা শেষ করেন সিদ্দিকুর। হরাইজন হিলস গলফ অ্যান্ড কাউন্টি ক্লাবে ১ম ও ২য় রাউন্ড ৬৭ শটে সম্পন্ন করলে ব্রুনাই ওপেনের সাফল্য ধারা পুনরাবৃত্তির আভাস দেন। কিন্তু বৃষ্টির কারণে এক রাউন্ড কমে যাওয়ায় মিলিয়ে যায় সেই সম্ভাবনা। টুর্নামেন্টে প্রায় সাড়ে ২৫ হাজার ইউএস ডলার প্রাইজমানি অর্জন করেন ২৬ বছরের এই গলফার।

দাবায় প্রত্যাবর্তনকে স্মরণীয় করল মোহামেডান

স্পোর্টস রিপোর্টার

প্রথম বিভাগ দাবা লীগের ইতিহাস শুরু মোহামেডানের শিরোপা জয়ের সাফল্য দিয়ে, ১৯৭৭ সালের ঘটনা তা। লিমিটেড কোম্পানিতে রূপান্তরিত হওয়ার পর ঘরোয়া দাবার প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ আসরটিও শিরোপা সাফল্যে উদযাপন করেছে ঐতিহ্যবাহী এই ক্লাব। দীর্ঘ ১৪ বছর পর দাবায় শক্তিশালী দল গড়ে হেসেছে মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড।

এক রাউন্ড আগেই শিরোপার সুবাস পেয়েছে মোহামেডান। শেষ রাউন্ডে প্রতিপক্ষের সঙ্গে ড্র করলেই ট্রফিটা যাবে সাদা-কালোদের ঘরে। আনুষ্ঠানিকতার ম্যাচে সেই সমীকরণ মেলাতে মোটেও বেগ পেতে হয়নি। বেলা ১২টা ১০ মিনিটে মোহামেডানের খেলোয়াড়-কর্মকর্তারা যখন শিরোপা জয়ের আনন্দে উদ্বেল, তখনো অবশিষ্ট পাঁচটি বোর্ডের লড়াই। সেটা শুধুই আনুষ্ঠানিকতার। শিরোপা নিশ্চিত হওয়ার সঙ্গে সঙ্গেই দাবা কক্ষে মিঠাই-মন্ডা উৎসব, মিষ্টিমুখ করালেন ক্লাবটির নবনির্বাচিত পরিচালক জাকারিয়া পিন্টু। আসরের শুরু থেকে অপ্রতিরোধ্য ঐতিহ্যবাহী দলটি, ৯ রাউন্ডে মোট ১৮ পয়েন্টের ১৭টি পেয়েছে মোহামেডান! ৩৬ গেম পয়েন্টের মধ্যে ক্লাবটির অর্জন সাড়ে ৩১। দলীয় অর্জনের পাশাপাশি বোর্ডে দাবাড়ুদের ব্যক্তিগত লড়াইয়েও সেরা মোহামেডানের ভারতীয় গ্র্যান্ড মাস্টার অভিজিৎ গুপ্তা। ৮ ম্যাচের ৭টিতে জয় তুলে নিয়ে আসর সেরার পুরস্কার জিতেছেন তিনি। দল ও ব্যক্তিগত সাফল্যের মোহামেডানের আতিথেয়তাকে অন্যতম প্রেরণা হিসেবে মনে করছেন ভারতীয় এই দাবাড়ু– 'ঢাকায় খেলে ভাল লেগেছে। মোহামেডানের আতিথিয়েতাও দারুণ। ভবিষ্যতে ডাকলে আসবো।' মোহামেডানের দাবা অধ্যায়ে সব সাফল্যের সঙ্গে জড়িয়ে আছেন দেশের প্রথম গ্র্যান্ড মাস্টার নিয়াজ মোর্শেদ। ১৯৭৭ সালে দাবায় মোহামেডানের অভিষেক সাফল্যে ছিলেন তিনি দলের প্রতিনিধি,

লিমিটেড ক্লাবে রূপান্তরের পর দাবায় সাফল্যেও অংশীদার এই গ্র্যান্ড মাস্টার। এমন ইতিহাস রচনায় তার প্রতিক্রিয়া– 'মোহামেডানকে শিরোপা এনে দিতে পেরে ভাল লাগছে। এই ক্লাবটির সঙ্গে আমার আত্মিক এক সম্পর্ক তৈরি হয়ে গেছে। আশা করছি ভবিষ্যতে মোহামেডান নিয়মিত দাবায় অংশ নেবে।' আরেক গ্র্যান্ড মাস্টার জিয়াউর রহমানও উদ্বেলিত দলের সাফল্যে– '১৫ রাউন্ডের প্রথম বিভাগে একঘেয়েমি ছিল! তাছাড়া অনেক দুর্বল দলও ছিল তখন। এ আসরে কিন্তু দলগুলোর মধ্যে শক্তির তারতম্য খুব একটা দেখা যায়নি।'

১৯৭৭'র পর ৪ বছরের বিরতি দিয়ে ১৯৮১ সালে দাবায় মোহামেডানের প্রত্যাবর্তন শিরোপা দিয়ে, ১৯৯৬ ও ১৯৯৭ সালে পরপর দু'বার প্রথম বিভাগ লীগ শিরোপা জিতে নেয় সাদা-কালোরা। এরপর অবশ্য দাবা থেকে মুখ ফিরিয়ে নেয় মোহামেডান। নবনির্বাচিত পরিচালনা পর্ষদ মোহামেডান স্পোর্টিং ক্লাবের দায়িত্ব নেয়ার সঙ্গে সঙ্গেই আউটডোর গেমস ফুটবল, ক্রিকেট ও হকি ছাড়াও অন্যান্য ইনডোর গেমসে অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়। দাবায় প্রত্যাবর্তনে দারুণ কিছুর নেশায় দেশ সেরা দুই গ্র্যান্ড মাস্টার নিয়াজ মোর্শেদ ও জিয়াউর রহমান ছাড়াও ভারত থেকে উঁচুমানের দাবাড়ু দলে অন্তর্ভুক্ত করার সুফল পেয়েছে ক্লাবটি। দাবায় এই সাফল্যকে মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেডের ডিরেক্টর ইনচার্জ অব অ্যাডমিনিস্ট্রেশন লোকমান হোসেন ভুঁইয়া দেখছেন ক্লাবটির উজ্জীবনী শক্তি হিসেবে– 'আমরা ধীরে ধীরে অন্য খেলাগুলোর দিকে অগ্রসর হচ্ছি। লিমিটেডে রূপান্তরিত হওয়ার সূচনায় দাবাড়ুরা আমাদের দারুণ এক সাফল্য এনে দিল। এটা আমাদের পথচলায় এগিয়ে যেতে আরো বেশি উৎসাহী করে তুলবে।'

ওদিকে ১৫ পয়েন্ট নিয়ে লীগে রানার্সআপ শিরোপা জিতেছে বাংলাদেশ বিমান। ১৩ পয়েন্টে তৃতীয় স্থান জুটেছে ডেসটিনি ২০০০ লিমিটেডের।

৫ম রাউন্ডে মাত্র দুই আইকন ক্রিকেটার!

স্পোর্টস রিপোর্টার : জাতীয় লীগের চলমান আসরের শুরু থেকেই আইকন ক্রিকেটার সংকট তীব্র। ৩২ আইকন ক্রিকেটারের নাম ঘোষণা করেছে ঠিকই, তবে প্রথম তিনটি রাউন্ডে ১৩'র বেশি আইকন ক্রিকেটার পায়নি জাতীয় লীগ। দেশের প্রথম শ্রেণীর একমাত্র এই আসরে ৪র্থ রাউন্ডে ১১ আইকন ক্রিকেটার পেলেও ৫ম রাউন্ডে তালিকাভুক্ত আইকন ক্রিকেটারদের মধ্যে শুধু আশরাফুল এবং নাজিমুদ্দিনকে পাচ্ছে দু'টি দল। চট্টগ্রামে জাতীয় দলের অনুশীলন ক্যাম্প শুরু হওয়ায় আইকন ক্রিকেটার সংকট এতোটা তীব্র হয়েছে। এদিকে ঢাকার প্রথম বিভাগের ক্রিকেট লীগ শুরু হওয়ায় ৬ কোটি ৫ লাখ টাকার এই আসরে মানসম্পন্ন খেলোয়াড় সংকট তীব্র আকার ধারণ করেছে।

পয়েন্ট তালিকায় শীর্ষে উঠে আসা দল খুলনা রাজশাহী বিভাগীয় স্টেডিয়ামে খেলবে রংপুরের বিপক্ষে, গত রাউন্ডে আসরে প্রথম ড্র'র মুখ দেখা বরিশাল নিজেদের মাঠে খেলবে ঢাকা বিভাগের বিপক্ষে, সিলেট বিভাগীয় স্টেডিয়ামে চট্টগ্রাম বিভাগের বিপক্ষে ঢাকা মেট্রো এবং বগুড়ার শহীদ চান্দু স্টেডিয়ামে রাজশাহী বিভাগের বিপক্ষে খেলবে সিলেট বিভাগ।

৪র্থ রাউন্ড শেষে পয়েন্ট টেবিল

দল	ম্যাচ	জয়	হার	ড্র	পয়েন্ট
খুলনা	৪	৩	০	১	৫০.৫৮
চট্টগ্রাম	৪	৩	১	০	৪৬
ঢাকা মেট্রো	৪	৩	১	০	৪৫.৪৬
সিলেট	৪	২	১	১	৪৫
রাজশাহী	৪	২	২	০	৩৬.২৬
রংপুর	৪	০	২	২	২৩.৬

ঢাকা বিভাগ	৪	০	৩	১	২৩.৫২
বরিশাল	৪	০	৩	১	২০.৬৮

শুরু হয়েছে নেট অনুশীলন

রুম্মু, চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রামে প্রথম দিন বাংলাদেশ ক্রিকেটারদের অনুশীলন সীমাবদ্ধ ছিল রানিং, জগিং এবং ফিটনেস ট্রেনিংয়ে। গতকাল থেকে বাংলাদেশ ক্রিকেটাররা নেমে পড়েছে ব্যাটিং, বোলিং অনুশীলনে! আর মাত্র ক'দিন পর হোমে শক্তিশালী প্রতিপক্ষ পাকিস্তানের বিপক্ষে সিরিজে অবতীর্ণ হওয়ার প্রস্তুতিতে সিরিয়াস বাংলাদেশ ক্রিকেটাররা। হোমে স্পিন নিয়ে বাংলাদেশ দল যে গর্ব করে, প্রতিপক্ষ পাকিস্তান বলে তাদের স্পিনারদের নিয়েও ছক আঁকতে হচ্ছে। লাকি ভেন্যু চট্টগ্রামে টেস্ট অভিষেকে নিজেকে মেলে ধরে আত্মবিশ্বাসী ইলিয়াস সানি পারফরমেন্সের ধারাবাহিকতার প্রত্যয় ব্যক্ত করেছেন– 'ওরা ভালো দল। শ্রীলংকার বিপক্ষে তারা ভালো খেলছে। তারা তুলনামূলক বেটার দল হলেও তাদের বিপক্ষে ভালো খেলার চেষ্টা থাকবে আমাদের। ওরা স্পিন ভালো খেলে। আমাদেরও ভালো স্পিনার রয়েছে। দেখা যাক কি হয়।' টেস্টে প্রত্যাশিত বোলিং করায় ওয়ানডে এবং টি-২০ খেলার সুযোগের অপেক্ষায় এই বাঁ হাতি–'সুযোগ পেলে ওয়ানডে কিংবা টি-২০ ম্যাচেও ভালো খেলার চেষ্টা করবো।' ডেঙ্গুজ্বরে আক্রান্ত স্ত্রীর শয্যাপাশে থাকায় গত ২ দিন চট্টগ্রামে অনুশীলন ক্যাম্পে থাকতে পারেননি রিয়াদ, আজ অনুশীলন ক্যাম্পে তার যোগ দেয়ার কথা।

শেষ টি-২০তে হেরে

'এ' দলের সিরিজ ড্র

স্পোর্টস রিপোর্টার : দ্বিতীয় ও শেষ টি-২০ ম্যাচে ওয়েস্ট ইন্ডিজ 'এ' দলের কাছে ৫৫ রানে হেরেছে বাংলাদেশ 'এ'। এতে করে দুই ম্যাচের টি-২০ সিরিজ হলো ১-১এ অমীমাংসিত। গত শনিবার সেন্ট লুসিয়ায় ব্যাটিংয়ে নেমে ডোয়াইন স্মিথ (৭১)'র ফিফটির ওপর ভর করে নির্ধারিত ২০ ওভারে উইন্ডিজ এ দলের সংগ্রহ করে ৪ উইকেটে ১৫২ রান।

জবাবে রান চেজ করতে নেমে স্বাগতিকদের নিয়ন্ত্রিত বোলিংয়ে সামনে দাঁড়াতে পারেন বাংলাদেশ 'এ' দলের ব্যাটসম্যানরা। নিয়মিত বিরতি উইকেট পতনের মধ্য দিয়ে সফরকারীদের ইনিংস থামে ৯ উইকেটে ৯৭ রানে। দলের পক্ষে সর্বোচ্চ ৪২ রান করেন মমিনুল হক।

ডিআরইউ ক্রিকেটের ফাইনাল আজ

স্পোর্টস রিপোর্টার ঃ পেপসি ডিআইউ ক্রিকেটের ফাইনাল আজ। মওলানা ভাসানী স্টেডিয়ামে সকাল ১০টায় শিরোপা নির্ধারণী ম্যাচে ইন্ডিপেনডেন্ট টিভি মুখোমুখি হচ্ছে মাছরাঙ্গা টিভির সঙ্গে। তথ্যমন্ত্রী আবুল কালাম আজাদ প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করবে।

শুরু হয়েছে প্রথম বিভাগ ক্রিকেট

বিশেষ সংবাদদাতা ঃ জয় দিয়ে প্রথম বিভাগ ক্রিকেট লীগ শুরু করেছে বিকেএসপি, কাঁঠালবাগান ও বারিধারা ডেজলার্স। প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগ থেকে অবনমনের যন্ত্রণা লাঘবে প্রথম বিভাগ ক্রিকেট লীগকে বেছে নিয়েছে বিকেএসপি। গতকাল ধানমন্ডি ক্রিকেট স্টেডিয়ামে প্রথম বিভাগ ক্রিকেট লীগের উদ্বোধনী ম্যাচে ৬৩ রানের বড় ব্যবধানে (বিকেএসপি ১৭১/৯, কলাবাগান একাডেমী ১০৮/১০) তারা হারিয়ে দিয়েছে প্রথম বিভাগের নবাগত দল কলাবাগান ক্রিকেট একাডেমীকে। অন্য ম্যাচে কাঁঠালবাগান সংঘ ৫ উইকেটে (ওয়ান্ডারার্স ১৬৩/১০, কাঁঠালবাগান ১৬৭/৫) ওয়ান্ডারার্সকে এবং প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ম্যাচে বারিধারা ডেজলার্স (সিটি ক্লাব ২১০/৯, বারিধারা ২১১/৮) ২ উইকেটে সিটি ক্লাবকে হারিয়েছে। ২ বল হাতে রেখে এই ম্যাচে জয় পায় বারিধারা।

বার্সার বড় জয় ঘাম ঝরলো রিয়ালের

ইন্টারনেট ঃ স্প্যানিশ লা লিগায় ৪-০ গোলের জয় পেয়েছে বার্সেলোনা। রিয়াল রাজাগোজার বিপক্ষে বড় এ জয়ে গোলের দেখা পেয়েছেন সুপারস্টার লিওনেল মেসি আর স্প্যানিশ তারকা ডেভিড ভিয়া। তবে বার্সার এমন আনন্দের দিনে বেশ ঘাম ঝড়িয়েই জয় পেতে হয়েছে লীগ-লিডার রিয়াল মাদ্রিদকে। ভ্যালেন্সিয়ার মাঠ মেস্তালায় ৩-২ গোলে স্বাগতিকদের পরাজিত করেছে রিয়াল।

আগের ম্যাচে অ্যাথলেটিকো বিলবাওয়ের সাথে ২-২ গোলের ড্র কিছুটা পিছিয়ে দিয়েছিল তাদের। জয়ের ধারায় ফিরতে নিজেদের মাঠ ন্যু'ক্যাম্পে নতুন উদ্যমে নেমেছিল ক্যাটালান জায়ান্টরা। শুরুর বাঁশির ১৮ মিনিটের মাথায়-ই সাফল্যের দেখা পায় বার্সা। জাভির ফ্রি-কিক থেকে হেডে গোল করেন জেরার্ড পিকে। এরপর বলের দখল নিয়ে ব্যবধান বাড়ানোর দিকে মনোনিবেশ দেয় তারা। মধ্যবিরতির ঠিক ২ মিনিট আগে আর্সেনালের সাবেক অধিনায়ক চেস ফ্যাব্রিগ্যাসের সহায়তায় ব্যবধান দ্বিগুণ করেন আর্জেন্টিনার অধিনায়ক লিওনেল মেসি। এবারের লা-লিগায় মেসির এটি ১৫তম গোল। দ্বিতীয়ার্ধেও একই গতি ধরে রাখে বার্সেলোনা। ৫৪ মিনিটে ব্যবধান বাড়াতে আবারো নেতৃত্ব দেন ফ্যাব্রিগ্যাস। এবারে তার পাস থেকে গোল করেন স্প্যানিশ অধিনায়ক কার্লেস পুয়োল। ৩-০ গোলে এগিয়ে থেকেও গোলের তৃষ্ণা মেটেনি বার্সার। ম্যাচের বয়স যখন ৭৫ মিনিট, তখন মেসি ও জাভির সমন্বয়ে গড়ে ওঠা আক্রমণ থেকে গোল করেন স্ট্রাইকার ডেভিড ভিয়া। সেই সাথে জারাগোজার জালে চার-চারটি গোল পূর্ণ করে জয়ের স্বাদ নিয়ে মাঠ ছাড়ে বার্সেলোনা। এই জয়ের ফলে ২৮ পয়েন্ট নিয়ে টেবিলের দ্বিতীয় স্থানে থাকল বার্সেলোনা।

এদিকে লীগের প্রথম স্থানে থেকে শক্তিশালী ভ্যালেন্সিয়ার মুখোমুখি হয় রিয়াল মাদ্রিদ। বার্সেলোনার সাথে ৩ পয়েন্টের ব্যবধান ধরে রাখতে হলে এ ম্যাচে জয়টা প্রয়োজন ছিল হোসে মরিনহো দলের। ভ্যালেন্সিয়ার বিপক্ষে শ্বাসরুদ্ধকর ম্যাচে ৩-২ ব্যবধানের জয় নিয়ে লীগে শীর্ষস্থান ধরে রাখে রিয়াল মাদ্রিদ। এ জয়ে তাদের পয়েন্ট এখন ৩১।

জয় পেয়েছে সিটি-ম্যানইউ

ইন্টারনেট ঃ ইংলিশ প্রিমিয়ার লীগের শীর্ষস্থান ধরে রেখেছে ম্যানচেস্টার সিটি। পরশু নিউক্যাসলকে ৩-১ গোলে হারিয়েছে তারা। একই দিনে জয়ের পথে ছুটেছে তাদের প্রথম প্রতিবেশী-প্রতিদ্বন্দ্বী ম্যানচেস্টার ইউনাইটেড। জাভি হার্নান্দেজের গোলে সোয়ানসি সিটিকে ১-০ ব্যবধানে হারিয়েছে তারা। এদিকে ইতালিয়ান সিরি-এ'র শীর্ষস্থান ধরে রেখেছে ল্যাজিও। পরশু নাপোলির সঙ্গে গোলশূন্য ড্র করেছে তারা। একই আসরের বর্তমান চ্যাম্পিয়ন এসি মিলানও গোলবিহীন ড্র করেছে ফিওরেন্টিনার সঙ্গে। সিরি-এ'র ১১ ম্যাচ শেষে ল্যাজিওর পয়েন্ট ২২। সমান ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে আছে এসি মিলান।

আফ্রিদির কল্যাণে পাকিস্তানের ২০০

ইন্টারনেট : অনেকদিন পর রানের দেখা পেলেন 'বুমবুম' আফ্রিদি। সর্বশেষ গত বছর ডাম্বুলায় বাংলাদেশের বিপক্ষে খেলেছিলেন ১২৪ রানের ইনিংস। দীর্ঘ বিরতির পর আফ্রিদির ব্যাটে রানের ফুলঝুড়ি দেখতে পেয়ে গতকাল যেন সম্মান বাঁচাল পাকিস্তানের। ৬৫ বলে আফ্রিদির করা ৭৫ রানের ইনিংসটিই মিসবাহ বাহিনীকে পাইয়ে দিয়েছে লড়াই করার পুঁজি। গতকাল শারজাহ ক্রিকেট স্টেডিয়ামে লংকানদের ২০১ রানের টার্গেট ছুড়ে দিয়ে পাকিস্তান। শুরুতে ব্যাট করতে নেমে লংকান বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ের সামনে ভেঙ্গে যায় পাক ব্যাটিং লাইনআপ। দলীয় ৭১ রানের মাথায় তারা হারিয়ে ফেলে প্রথম সারির ৫ টপঅর্ডারকে। এসময়ে দলের হাল ধরে মিসবাহ ও আফ্রিদি। কিন্তু ৯৭ রানের সময় রানিং বিটউইন উইকেটে ভুল বোঝাবুঝির কারণে ফিরে যেতে অধিনায়ক মিসবাহকে। এতে করে দুপ্রান্তে একাই লড়ে যান আফ্রিদি। লোয়ার অর্ডারদের নিয়ে অর্জন করেন সম্মানজনক স্কোর। ১৮১ রানের মাথায় আফ্রিদি বিদায় নিলে থেমে যায় রানের চাকা। নির্ধারিত ৫০ ওভারে পাকিস্তানের সংগ্রহ ১০ উইকেটে ২০০ রান। জবাবে ব্যাট করতে নেমে রিপোর্টটি লেখা পর্যন্ত লংকানদের সংগ্রহ ২ উইকেটে ৪২ রান। ক্রিজে আছেন সাঙ্গাকারা (১২) এবং চান্দিমাল (২)।

উডসের হাত ধরে যুক্তরাষ্ট্রের শিরোপা

ইন্টারনেট ঃ জমকালো ক্যারিয়ারে হঠাৎই অন্ধকার নেমে এসেছিল টাইগার উডসের। তবে মেলবোর্নের প্রেসিডেন্ট কাপে দেশের জন্য আবারও ঝলসে উঠল এ কিংবদন্তি গলফার। দলীয় গলফ টুর্নামেন্টে উডসের জয়সূচক পয়েন্টেই দ্য ইন্টারন্যাশনাল টিমকে ১৯-১৫ ব্যবধানে হারিয়ে টানা চতুর্থবারের মতো প্রেসিডেন্টস কাপ ঘরে তুলল যুক্তরাষ্ট্র।

১৪টি মেজর চ্যাম্পিয়ন উডস অস্ট্রেলিয়ার অ্যারন ব্যাডেলিকে হারিয়ে যুক্তরাষ্ট্রকে ওই পয়েন্ট এনে দেন। যুক্তরাষ্ট্র ১৩-৯ পয়েন্টে এগিয়ে থেকে এককে খেলতে নেমে প্রথম চারটি ম্যাচ হেরে বসে। তবে গতকাল উত্তেজনাপূর্ণ বিকালে দলের জয় নিশ্চিত করেন উডস। ম্যাচ শেষে উডস বলেন, 'আমার ভালো লাগছে। বিশ্বাস ছিল আমার কারণে দল হারবে না।' ২০০৯ সালেও উডসের পয়েন্টেই শেষ মুহূর্তে শিরোপা জিতেছিল যুক্তরাষ্ট্র। ইনজুরি আর মাঠের বাইরের নানা বিতর্কে জড়িয়ে ক্যারিয়ারের দুর্দিন কাটাচ্ছিলেন উডস। প্রেসিডেন্ট কাপের পারফরম্যান্স তাকে আবারও সেরার আসনে নিয়ে যাবে বলে বিশ্বাস ভক্তদের। সর্বকালের অন্যতম সেরা এ গলফার মেলবোর্নে 'ওয়াইল্ড কার্ড' হিসেবে অংশ নিয়েছিলেন।

পন্টিংয়ের ব্যাটে স্বপ্ন দেখছে অস্ট্রেলিয়া

ইন্টারনেট

দলটির নাম অস্ট্রেলিয়া। ক্রিকেট বিশ্বের অন্যতম পরাশক্তি। হার মানার আগে হেরে যাওয়া যাদের অভিধানে নেই। দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে সেই লড়াকু অস্ট্রেলিয়াই দেখা দিলো আবার। প্রথম টেস্টে অসহায় আত্মসমর্পণের পর দ্বিতীয় টেস্টে ঠিকই কঠিন লক্ষ্যের দিকে ছুটে চলেছে তারা। দক্ষিণ আফ্রিকার ৩১০ রানের কঠিন টার্গেট সামনে রেখে গতকাল চতুর্থ দিন পর্যন্ত ৩ উইকেটে ১৪২ রান করেছে অস্ট্রেলিয়া। আলোকস্বল্পতার জন্য আগের তিনদিনের মতো গতকালও দিনের খেলা সময়ের আগেই বন্ধ হয়ে গেছে। জয়ের জন্য ৭ উইকেট হাতে রেখে এখনো অজিদের প্রয়োজন ১৬৮ রান। পঞ্চমদিনে প্রোটিয়াস বোলিংয়ের বিপক্ষে লক্ষ্যটা সহজ না হলেও ওশেনিয়ানদের আশার প্রদীপ হয়ে বর্তমান অধিনায়ক মাইকেল ক্লার্ককে নিয়ে ক্রিজে আছেন রিকি পন্টিং। তার ক্যারিয়ারের ৫৭তম হাফসেঞ্চুরিটা ৪০তম সেঞ্চুরিতে পরিণত হওয়ার ওপর অনেকটাই নির্ভর করছে অস্ট্রেলিয়ার জয়-পরাজয়ের হিসেবটা।

আগের দিন ৮৯ রানে অপরাজিত থাকা আমলা ও আরেক হাফসেঞ্চুরিয়ান ডিভিলিয়ার্সের (৭০) গড়া ১৩৯ রানের পার্টনারশিপের উপর ভর করে দিনের শুরুতেই পাল্লাটা ঝুঁকেছিল স্বাগতিকদের দিকে। কিন্তু কে জানত নবাগত তরুণ পেসার কামিন্স ঝড়ে আবারো ম্যাচে ফিরবে অজিরা। অভিষেক টেস্টের দ্বিতীয় ইনিংসে ৭৯ রানে প্রোটিয়াসদের ৬ উইকেট শিকার করেন তিনি। তার তাণ্ডবে ৩৩৯ রানে অলআউট হয় দক্ষিণ আফ্রিকা। দলের পক্ষে বীরের মতো লড়ে ক্যারিয়ারের ১৪তম সেঞ্চুরির দেখা পান হাশিম আমলা।

সিরিজ ড্র করতে এ টেস্টে জিততেই হবে অস্ট্রেলিয়ার। সহজ এ হিসেবের মাঝেই শেষ ইনিংসে ৩১০ রানের টার্গেট পায় সফরকারীরা। প্রথম ওভারে ওয়াটসন শূন্য আর তৃতীয় ওভারে ফিল হিউজেস ১১ রান নিয়ে সাজঘরে ফিরলে জয়ের লক্ষ্যটা ফিকে হয়ে আসে অস্ট্রেলিয়ানদের। দলের ওই ক্রান্তিকালে উসমান খাজার সঙ্গে ১২২ রানের জুটি গড়েন পন্টিং। দিনের শেষদিকে খাজা ব্যক্তিগত ৬৫ রানে আউট হন। ক্লার্ককে নিয়ে কষ্টসাধ্য জয়ের পথে ছুটতে থাকেন পন্টিং। তবে নির্ধারিত সময়ের আগেই আলোকস্বল্পতার জন্য দিনের সমাপ্তি ঘোষণা করেন আম্পায়াররা।

ম্যারাডোনার মায়ের মৃত্যু

ইন্টারনেট ঃ মাকে হারালেন ফুটবলের কিংবদন্তি দিয়েগো ম্যারাডোনা। বুয়েনোস আয়ার্সের লো আরকোস হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন ম্যারাডোনার মা। তার বয়স হয়েছিল ৮১ বছর। 'দোনা তোতা' হিসেবে পরিচিত ম্যারাডোনার মা দালমা সালভাদোরা ফ্রাঙ্কো গত শুক্রবার হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। সঙ্গে সঙ্গে তাকে ভর্তি করা হয় হাসপাতালে। মায়ের অসুস্থতার খবর পেয়ে সঙ্গে সঙ্গে দেশে পাড়ি জমিয়েছিলেন

দুবাইয়ের আল-ওয়াসল ক্লাবের কোচ ম্যারাডোনা। তবে ঠিক কি ধরনের অসুস্থতার জন্য ম্যারাডোনার মাকে হাসপাতালে নেয়া হয়েছিল তা জানায়নি হাসপাতাল কর্তৃপক্ষ। এর আগেও ২০০৩ সালে সড়ক দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছিলেন সবার প্রিয় দোনা তোতা। এ বছরের মাঝামাঝি সময় হৃদরোগের চিকিৎসার জন্য সুইজো ক্লিনিকে থাকতে হয়েছে তাকে।

জার্মান রেফারির আত্মহত্যার চেষ্টা

ইন্টারনেট ঃ অজ্ঞাত কারণে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন জার্মান রেফারি বাবাক রাফাতি। জার্মান বুন্দেসলিগার এ রেফারিকে রক্তাক্ত অবস্থায় তার হোটেল কক্ষ থেকে উদ্ধার করা হয়েছে। কোলোন ও মেইনজের মধ্যে শনিবারের ম্যাচের কয়েক ঘণ্টা আগে রাফাতিকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। এ কারণে ওই ম্যাচটিও স্থগিত থাকে। জার্মান ফুটবল ফেডারেশনের সভাপতি থিও জাওয়ানজিগার জানিয়েছেন, রাফাতির অবস্থা এখন ভালো। আরো কিছুদিন তাকে হাসপাতালে থাকতে হবে। এ বিষয়ে পুলিশের এক মুখপাত্র জানান, অন্য কোনো ব্যক্তি তাকে জখম করেনি। রাফাতি আত্মহত্যার চেষ্টাই করেছিলেন। ১৯৯৭ সাল থেকে রেফারি হিসেবে কাজ করছেন রাফাতি। বুন্দেসলিগায় ২০০৫ সাল থেকে নিয়মিত ম্যাচ পরিচালনা করছেন তিনি। এ পর্যন্ত রাফাতি বুন্দেসলিগার ৮৪টি ম্যাচ পরিচালনা করেছেন।

মালয়েশিয়ায় আজ মাঠে নামবে বাংলাদেশ

সাফের প্রস্তুতি

স্পোর্টস রিপোর্টার

সাফের প্রস্তুতিতে আজ নতুন মাত্রা যোগ হতে চলেছে। মালয়েশিয়ার টেংকু আবদুর রহমান স্টেডিয়ামে আজ মালয়েশিয়া কাপের চ্যাম্পিয়ন দল নিগেরি সেমবিলান এফসি'র বিরুদ্ধে একমাত্র প্রস্তুতি ম্যাচটি খেলতে নামছে নিকোলা ইলিয়েভস্কির দল। এর আগে গতকাল বিকেলে মালয়েশিয়ার কন্ডিশনের সঙ্গে খাপ খাইয়ে নিতে মাঠে নেমেছিল জাতীয় দল। স্থানীয় সময় বিকেল পাঁচটায় রাহাং স্কোয়ার ট্রেইনিং গ্রাউন্ডে হালকা অনুশীলন করেন ফুটবলাররা। আজ ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় তিনটায়। প্রতিপক্ষ দলটিকে মোটেই দুর্বল বলা যাবে না। দলটির হয়ে আজ মাঠে নামবে মালয়েশিয়ান জাতীয় দলের ৬ ফুটবলার। দেশ ত্যাগের আগে বাংলাদেশ দল আফ্রিকান একাদশকে ২-০ গোলে হারিয়ে আত্মবিশ্বাস সঞ্চয় করে নিয়েছিল। দলের মেসিডোনিয়ান কোচও দেশ ছাড়ার আগে জয়ের প্রতিশ্রুতি দিয়েছিলেন। তাই ম্যাচ জয়ের ব্যাপারে সর্বোচ্চ চেষ্টাই থাকবে লাল-সবুজ জার্সিদের। গতকাল মালয়েশিয়া থেকে ফোনে নিকোলা ভাল একটা কিছুর আশা নিয়েই মাঠে নামার কথা জানান– 'ছেলেরা বেশ ভাল করছে অনুশীলনে। প্রস্তুতি ম্যাচে তারা সেরাটা দেয়ার লক্ষ্য নির্ধারণ করেছে।' মালয়েশিয়ায় আজকের ম্যাচটি খেলে বাংলাদেশ দল দেশে ফিরবে বুধবার। সেদিনই শেখ জামাল ধানমণ্ডি ক্লাবের সঙ্গে বিকেলে একটি প্রস্তুতি ম্যাচ খেলার কথা রয়েছে বাংলাদেশ দলের। এর পরের দিন বাংলাদেশ দল চলে যাবে কলকাতায়। ২৬ ও ২৮ নভেম্বর সল্টলেক স্টেডিয়ামে দ্বিতীয় স্তরের সাউদার্ন সমিতি ও আই লিগের ইন্ডিয়ান অ্যারোর বিপক্ষে আরো দুটি প্রস্তুতি ম্যাচ খেলে ৩০ নভেম্বর সাফের ভেন্যু দিল্লী চলে যাবে দল।

টিভিতে দেখুন আজ

টেন ক্রিকেট

লাইভ ঃ দ. আফ্রিকা-অস্ট্রেলিয়া

দ্বিতীয় টেস্ট পঞ্চম দিন

দুপুর ২-৩০ মিনিট

XXXXXXXXXXXXXXXXX